

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের পুরাতন কাপড় আমদানির জন্য গণবিজ্ঞপ্তি নং-০১(২০২১-২০২৪)/
আমদানি (আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)।

বাণিজ্য মন্ত্রণালয়ের ১৭/০৫/২০২২ তারিখের ২৬.০০.০০০০.১১১.৫৩.০৬৪.২১-২৪৪ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (৮) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি নীতি আদেশের বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে (শিল্প খাতে নিবন্ধিত আমদানিকারক ব্যতীত) সকল নিবন্ধিত আমদানিকারকগণ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর হতে ইস্যুকৃত পূর্বানুমতিপত্রের ভিত্তিতে নগদ বৈদেশিক মুদ্রার আওতায় পুরাতন কাপড় আমদানি করতে পারবে। পুরাতন কাপড় আমদানির জন্য এই গণবিজ্ঞপ্তির অনুচ্ছেদ-৫ এ বর্ণিত শর্তাবলী এবং আমদানিকারককে নিজ উদ্যোগে বিক্রয়ের পূর্বে জীবানু নিষ্ক্রিয় করার শর্ত আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

২। সমগ্র বাংলাদেশে জেলা কোটায় মোট ৩,০০০ (তিন হাজার) জন আমদানিকারক (সর্বশেষ আদমশুমারি অনুযায়ী জনসংখ্যার আনুপাতিক হারে বন্টনকৃত) জেলা কমিটি কর্তৃক প্রকাশ্য লটারির মাধ্যমে নির্বাচন করা হবে। আমদানিকারকদের জন্য জেলাওয়ারি সংখ্যা (কোটা) সংযুক্ত ছক-১ এ উল্লেখ করা হয়েছে। নিম্নরূপভাবে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট জেলা কমিটির মাধ্যমে প্রকাশ্য লটারী অনুষ্ঠিত হবে।

- (ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসক -----আহবায়ক
(খ) স্থানীয় শিল্প ও বণিক সমিতির একজন প্রতিনিধি-----সদস্য
(গ) আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের মনোনীত একজন প্রতিনিধি-----সদস্য সচিব

৩। আমদানিকারকগণের আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) অনুসারে রেকর্ডকৃত ঠিকানা যে জেলার আওতাধীন হবে কেবলমাত্র সে জেলার নির্ধারিত কোটার মধ্যে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরেই পুরাতন কাপড়ের আমদানিকারক হিসাবে নির্বাচনের জন্য আবেদন দাখিল করতে হবে। প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী আমদানিকারকগণ আগামী ৩০ জুন ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সংযুক্ত ছক-২ অনুসারে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে পুরাতন কাপড়ের আমদানিকারক নির্বাচনের জন্য আবেদনপত্র দাখিল করতে হবে।

৪। জেলা কমিটি কর্তৃক প্রকাশ্য লটারির মাধ্যমে পুরাতন কাপড়ের প্রয়োজনীয় সংখ্যক আমদানিকারক নির্বাচনের পর নির্বাচিত আমদানিকারকদের নাম, ঠিকানা, আইআরসি নম্বর, ব্যাংকের নাম ইত্যাদি তথ্য সম্বলিত একটি তালিকা আগামী ২০ জুলাই ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তরে প্রেরণ করবে এবং তালিকার

১(এক)টি স্বাক্ষরিত অনুলিপি প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণ করতে হবে। আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর কর্তৃক ১০ আগস্ট ২০২২ তারিখের মধ্যে পূর্বানুমতি পত্র জারি সম্পন্ন করবেন।

৫। ২০২১-২০২২ অর্থ বছরে পুরাতন কাপড় আমদানির জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(১) শুধুমাত্র কম্বল, সুয়েটার, লেডিস কার্ডিগ্যান, জিপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট, পুরুষের ট্রাউজার্স এবং সিনথেটিক ও ব্লেণ্ডেড কাপড়ের শার্ট পুরাতন কাপড় হিসাবে আমদানিযোগ্য হবে। অন্য কোন প্রকার পুরাতন কাপড় আমদানি করা যাবে না;

(২) প্রত্যেক আমদানিকারকের হিস্যা অনুর্ধ্ব ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হবে, তবে শর্ত থাকে যে, আমদানিকৃত পুরাতন কাপড়ের মূল্য যথাযথ কর্তৃপক্ষের নির্ধারিত মূল্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে। উল্লিখিত হিস্যার মধ্যে পুরাতন কাপড় আমদানির সর্বোচ্চ পরিমাণ নিম্নের ছকে বর্ণিত পণ্যের পার্শ্বে ওজনের মধ্যে সীমাবদ্ধ থাকবে;

ক্রমিক নং	পণ্যের নাম	পরিমাণ
(ক)	কম্বল	১ (এক) মেঃ টন
(খ)	সুয়েটার	৩ (তিন) মেঃ টন
(গ)	লেডিস কার্ডিগ্যান	৩ (তিন) মেঃ টন
(ঘ)	জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট	৩ (তিন) মেঃ টন
(ঙ)	পুরুষের ট্রাউজার	৩ (তিন) মেঃ টন
(চ)	সিনথেটিক ও ব্লেণ্ডেড কাপড়ের শার্ট	১ (এক) মেঃ টন

(৩) কোন একজন আমদানিকারক উল্লিখিত ছয় (৬) টি পণ্যের মধ্যে একাধিক পণ্য আমদানি করতে চাইলে সেক্ষেত্রে তার প্রাপ্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকার সামগ্রিক হিস্যার মধ্যে সংশ্লিষ্ট পণ্যগুলোর মূল্যের আনুপাতিক হারে নিরূপিত ওজনের মধ্যেই সেগুলোর আমদানি সীমাবদ্ধ থাকবে;

(৪) পুরানো/পরিত্যক্ত কাপড় আমদানির মাধ্যমে দেশের অভ্যন্তরে যাতে কোন প্রকার রোগ-জীবানু প্রবেশ করতে না পারে সে লক্ষ্যে আমদানিতব্য পুরাতন কাপড় যথাযথ প্রক্রিয়ায় রোগ-জীবানু মুক্তকরণ সংক্রান্ত রপ্তানিকারক দেশের স্বাস্থ্য/স্যানিটারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আমদানি সংশ্লিষ্ট দলিলাদির সাথে বাধ্যতামূলকভাবে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(৫) কেবলমাত্র নগদ বৈদেশিক মুদ্রার অধীনে পুরাতন কাপড় আমদানি করা যাবে;

(৬) আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর ২৫ (৮) অনুচ্ছেদে বর্ণিত এতদসংক্রান্ত অন্যান্য সকল শর্তাদি অপরিবর্তিত থাকবে;

(৭) ২০২১-২০২২ অর্থবছরে পুরাতন কাপড় আমদানির জন্য ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে ঋণপত্র খুলতে হবে এবং ৩০ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে পণ্য জাহাজীকরণ করতে হবে;

(৮) নির্বাচিত সকল আমদানিকারক আমদানিকৃত পুরাতন কাপড় নিজ নিজ জেলায় নিয়ে বিক্রয় করতে বাধ্য থাকবেন।

এ বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক নিশ্চিত করতে হবে;

(৯) নির্বাচিত আমদানিকারকদের অনুকূলে আঞ্চলিক আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তর কর্তৃক ইস্যুকৃত পূর্বানুমতিপত্রে মনোনীত ব্যাংকের নাম ও ঠিকানা উল্লেখ করে দেয়া হবে এবং কেবলমাত্র উল্লিখিত ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারকের অনুকূলে এলসিএ ফরম ইস্যু করা হবে;


(১০) যে সকল আমদানিকারক ২০২১-২০২২ অর্থবছরে উপর্যুক্ত পদ্ধতিতে পুরাতন কাপড় আমদানির যোগ্যতা অর্জন করবেন, তারা বর্তমান আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর পরিশিষ্ট-২ এ উল্লিখিত পদ্ধতি অনুসারে যৌথভাবে আমদানির জন্য গোষ্ঠীভুক্ত হতে পারবেন;

(১১) যদি কোন আমদানিকারক অথবা ঋণপত্র প্রতিষ্ঠাকারী ব্যাংক কর্তৃক তথ্য গোপন করে মিথ্যাচারের মাধ্যমে

২০২১-২০২২ অর্থবছরে পুরাতন কাপড় আমদানির জন্য নির্দিষ্ট আমদানিযোগ্য ৬ (ছয়) প্রকারের পুরাতন কাপড় ব্যতিরেকে অন্য কোন কাপড় কিংবা পণ্য আমদানি করা হলে শুল্ক কর্তৃপক্ষ বে-আইনীভাবে আমদানিকৃত পণ্য বাজেয়াপ্ত করবে। বে-আইনী কার্যক্রমের জন্য দায়ী আমদানিকারক ও ঋণপত্র প্রতিষ্ঠাকারী ব্যাংকের বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১২) পুরাতন কাপড়ের সকল চালানের সঙ্গে রপ্তানিকারক দেশের শিল্প ও বণিক সমিতি হতে এ মর্মে একটি সনদপত্র দাখিল করতে হবে যে, সংশ্লিষ্ট চালানের মধ্যে আমদানি নিষিদ্ধ পণ্য নেই; এবং

(১৩) আবেদনের সাথে ২০২১-২০২২ অর্থবছরের নবায়নকৃত ট্রেড লাইসেন্সের কপি, ইটিআইএন সার্টিফিকেট, ২০২১-২০২২ অর্থবছরের নয়ায়নকৃত আইআরসি কপি, আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের কপি, ব্যাংক প্রত্যয়নপত্র, স্বীকৃত শিল্প ও বণিক সমিতির সদস্যতা সনদপত্র অথবা সমগ্র বাংলাদেশভিত্তিক তার নিজ ব্যবসায়ের প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের সদস্যতা সনদপত্র এবং প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে আবেদনকারীর ৫ (পাঁচ) টি নমুনা স্বাক্ষর মনোনীত ব্যাংকের ম্যানেজার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নামের সীলসহ যথাযথভাবে সত্যায়িত করে দাখিল করতে হবে।



২২-৫-২০২২

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

ফোন: ৪১০৫০২২৮

ফ্যাক্স: 02-9550217

ইমেইল: ac3.ho@ccie.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) উপসচিব, অভ্যন্তরীণ বাণিজ্য-১, বাণিজ্য মন্ত্রণালয়
- ৩) একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়
- ৪) সভাপতি, স্থানীয় শিল্প ও বণিক সমিতি (সকল জেলা)
- ৫) সভাপতি, বাংলাদেশ পুরাতন কাপড় আমদানিকারক সমিতি, তোপখানা রোড, ঢাকা-১০০০।
- ৬) নির্বাহী কর্মকর্তা, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য)
- ৭) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

‘ছক-১’
জেলা কোটার বণ্টন তালিকা

ক্রমিক নং	আঞ্চলিক দপ্তর ও আওতাধীন জেলার নাম	জেলা কোটার সংখ্যা (জন)	ক্রমিক নং	আঞ্চলিক দপ্তরের নাম ও আওতাধীন জেলার নাম	জেলা কোটার সংখ্যা (জন)	
১	আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা		৬	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিলেট		
	(১) ঢাকা জেলা (ঢাকা মহানগরীসহ)	২৫১		(৪০) হবিগঞ্জ	৪৪	
	(২) গাজীপুর	৭১		(৪১) মৌলভীবাজার	৪০	
	(৩) মানিকগঞ্জ	২৯		(৪২) সুনামগঞ্জ	৫১	
	(৪) মুন্সীগঞ্জ	৩০		(৪৩) সিলেট	৭১	
	(৫) নরসিংদী	৪৬		মোট সংখ্যা=	২০৬	
	(৬) নারায়ণগঞ্জ	৬২	৭	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, কুমিল্লা		
	(৭) ফরিদপুর	৪০		(৪৪) ব্রাহ্মণবাড়িয়া	৫৯	
	(৮) রাজবাড়ী	২২		(৪৫) চাঁদপুর	৫০	
	(৯) গোপালগঞ্জ	২৪		(৪৬) কুমিল্লা	১১২	
	(১০) মাদারীপুর	২৪		মোট সংখ্যা=	২২১	
	(১১) শরিয়তপুর	২৪		৮	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, দিনাজপুর	
(১২) টাঙ্গাইল	৭৫	(৪৭) দিনাজপুর	৬২			
মোট সংখ্যা=	৬৯৮ জন	(৪৮) পঞ্চগড়	২১			
২	আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম		(৪৯) ঠাকুরগাঁও		২৯	
	(১৩) চট্টগ্রাম	১৫৯	মোট সংখ্যা=		১১২	
	(১৪) কক্সবাজার	৪৮	৯		আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ	
	(১৫) বান্দরবান	০৮		(৫০) জামালপুর	৪৮	
	(১৬) খাগড়াছড়ি	১৩		(৫১) শেরপুর	২৮	
	(১৭) রাংগামাটি	১২		(৫২) কিশোরগঞ্জ	৬১	
	(১৮) ফেনী	৩০		(৫৩) ময়মনসিংহ	১০৭	
	(১৯) লক্ষ্মীপুর	৩৬		(৫৪) নেত্রকোনা	৪৭	
	(২০) নোয়াখালী	৬৫		মোট সংখ্যা=	২৯১	
	মোট সংখ্যা=	৩৭১		১০	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, পাবনা	
৩	আমদানি ও রপ্তানি মুখ্য-নিয়ন্ত্রকের দপ্তর, খুলনা				(৫৫) পাবনা	৫৩
	(২১) যশোর	৫৮			১১	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, রংপুর
	(২২) ঝিনাইদহ	৩৭	(৫৬) গাইবান্ধা			৫০
	(২৩) মাগুরা	১৯	(৫৭) কুড়িগ্রাম			৪৩
	(২৪) নড়াইল	১৫	(৫৮) লালমনিরহাট			২৬
	(২৫) বাগেরহাট	৩১	(৫৯) নীলফামারী			৩৮
	(২৬) খুলনা	৪৮	(৬০) রংপুর			৬০
	(২৭) সাতক্ষীরা	৪১	মোট সংখ্যা=			২১৭
	(২৮) চুয়াডাঙ্গা	২৩	১২			আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া
	(২৯) কুষ্টিয়া	৪০		(৬১) বগুড়া		৭১
(৩০) মেহেরপুর	১৩	(৬২) জয়পুরহাট		১৯		
মোট সংখ্যা=	৩২৫ জন	মোট সংখ্যা=		৯০		
৪	আমদানি ও রপ্তানি মুখ্য-নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী		১৩	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, নওগাঁ		
	(৩১) নাটোর	৩৫		(৬৩) নওগাঁ	৫৪	
	(৩২) চাঁপাইনবাবগঞ্জ	৩৪	১৪	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ		
	(৩৩) রাজশাহী	৫৪		(৬৪) সিরাজগঞ্জ	৬৬	
মোট সংখ্যা=	১২৩	সর্বমোট=	৩,০০০ (তিন হাজার)			
৫	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বরিশাল		৫	(৩৪) বরিশাল	৪৮	
	(৩৪) বরিশাল	৪৮		(৩৫) ঝালকাঠি	১৪	
	(৩৫) ঝালকাঠি	১৪		(৩৬) পিরোজপুর	২৩	
	(৩৬) পিরোজপুর	২৩		(৩৭) পটুয়াখালী	৩২	
	(৩৭) পটুয়াখালী	৩২		(৩৮) বরগুনা	১৯	
	(৩৮) বরগুনা	১৯		(৩৯) ভোলা	৩৭	
মোট সংখ্যা=	১৭৩					



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd



ছক-২

‘পুরাতন কাপড় আমদানিকারক নির্বাচনের জন্য আবেদনের নির্ধারিত ছক’

- (১) (ক) প্রতিষ্ঠানের নাম (আমদানি নিবন্ধন সনদপত্র অনুযায়ী).....
- (খ) প্রতিষ্ঠানের ঠিকানা (আমদানি নিবন্ধন সনদপত্র অনুযায়ী).....
- (গ) নিবন্ধন সনদপত্র নম্বর
- (ঘ) আমদানিকারকের শ্রেণী.....
- (২) (ক) প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের নাম.....
- (খ) উপরের (ক)-তে উল্লিখিত ব্যক্তির পিতার নাম.....
- (৩) আবেদনকারী জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নং.....
- (৪) ২০২১-২০২২ অর্থবছরের জন্য বৈধ ট্রেড লাইসেন্সের নম্বর.....
- (৫) ২০২১-২০২২ অর্থবছরের নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্রের নম্বর.....
- (৬) ইটিআইএন নং.....
- (৭) মনোনীত ব্যাংকের নাম, শাখার নাম ও ঠিকানা.....
.....
- (৮) শিল্প ও বণিক সমিতি/ ট্রেড এসোসিয়েশনের এর নাম.....

অঙ্গীকারনামা:

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনে প্রদত্ত তথ্যাদি সঠিক এবং আবেদনের সাথে দাখিলকৃত কাগজাদি সঠিক রয়েছে। যদি কোন তথ্য বা কাগজাদি ভুল বা ফেক পাওয়া যায় তবে কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নিবেন তা মেনে নিব।

আবেদনকারী স্বাক্ষর ও তারিখ.....

নাম.....

পদবী.....

প্রতিষ্ঠানের সীল